

নৈহাটিতে নতুন শাখা খুলল ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র। রাজ্যে এটি তাদের ৭৫তম এবং কলকাতা জোনের অধীনে ৯৮তম শাখা। উদ্বোধনে উপস্থিত ছিলেন ন্যাশনাল ইনস্টিটিউট অফ বায়োমেডিক্যাল জিনোমিক্সের ফিনান্স ম্যানেজার দেবাশিস কুমার মণ্ডল। সঙ্গে ছিলেন ব্যাঙ্ক অফ মহারাষ্ট্রের কলকাতা জোনের জেনারেল ম্যানেজার তথা জোনাল ম্যানেজার দিবেশ দিনকর, নৈহাটি শাখার ব্রাঞ্চ ম্যানেজার সৌম্যজিৎ চক্রবর্তী–সহ ব্যাঙ্কের কর্মী ও গ্রাহকবৃন্দ।

## তারাতলা: দোষীদের শাস্তির দাবি সিটুর

তারাতলায় নির্মীয়মাণ গুদামের ছাদ ভেঙে পড়ে শ্রমিকমৃত্যুর ঘটনায় দোষীদের চিহ্নিত করে কড়া পদক্ষেপের দাবি জানাল সিটু। সেই সঙ্গে কর্মরত অবস্থায় শ্রমিকদের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হচ্ছে কি না, তা নিয়ে সরকারি নজরদারির দাবি জানাল সিটুর কলকাতা জেলা কমিটি। সিটুর তরফে এক বিবৃতিতে বলা হয়, মৃত ও আহত শ্রমিকদের পরিবারকে এককালীন ৫০ লক্ষ টাকা ক্ষতিপূরণ এবং পরিবারের একজনকে স্থায়ী চাকরি দিতে হবে।

# ২ দফায় বন্ধ থাকবে চিংড়িহাটা উড়ালপুল

**আজকালের প্রতিবেদন**

মেট্রো রেলের কাজের সুবিধার্থে চলতি মাস ও জুলাই মাসে দু’দফায় সম্পূর্ণ বন্ধ রাখা হবে চিংড়িহাটা উড়ালপুল। কলকাতা পুলিশের তরফে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রথম দফায়, চলতি মাসের ২৬ জুন শুক্রবার রাত ৮টা থেকে ২৯ জুন সোমবার রাত ৮টা পর্যন্ত চিংড়িহাটা উড়ালপুলে যান চলাচল বন্ধ থাকবে। দ্বিতীয় দফায়, ৩ জুলাই রাত ৮টা থেকে ৬ জুলাই সকাল ৮টা পর্যন্ত উড়ালপুল বন্ধ রাখা হবে। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এই সময়ে বিশ্ব বাংলা সরণির কাছে অরেঞ্জ লাইনের সুকান্তনগরে মেট্রোর পিলারের ওপর ভারী গার্ডার বসানোর কাজ করবে রেলবিকাশ নিগম লিমিটেড। চলতি মাসের শেষে ও জুলাইয়ের শুরুতে চিংড়িহাটা উড়ালপুল বন্ধ থাকাকালীন উত্তরমুখী সমস্ত যানবাহনকে বেলেঘাটা মেইন রোড ও ইএম বাইপাসের সংযোগস্থল থেকে ব্রডওয়ের দিকে ঘুরিয়ে দেওয়া হবে।

# সমস্যার কথা জানালেন বিধায়কেরা

**আজকালের প্রতিবেদন**

বিধানসভায় দৃষ্টি আকর্ষণ ও উল্লেখপর্বে উঠে এল রাজ্যের বিভিন্ন এলাকার নেই–চিত্র। স্বাস্থ্য ব্যবস্থা, পরিবেশ, সেতু–সহ বিভিন্ন প্রসঙ্গ নিয়ে এলাকার বিধায়করা বুধবার বিধানসভায় অধ্যক্ষ রথীন্দ্র বসুর দৃষ্টি আকর্ষণ করেন। বিধায়ক সমরেন্দ্রনাথ ঘোষ করিমপুর হাসপাতালের কথা উল্লেখ করেন। বাবর আলি জলঙ্গি বিধানসভার দুটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের পরিকাঠামোর দুরবস্থা নিয়ে দৃষ্টি আর্কষণ করেন। সুব্রত কবিরাজ অধ্যক্ষের দৃষ্টি আকর্ষণ করেন তেহট্টে সরকারি জমি–মাফিয়াদের উৎপাত নিয়ে। বীরেশ্বর সিন্‌হার দাবি, বড়জোড়া এলাকায় চার লেনের রাস্তা হোক। শিখা চ্যাটার্জি অধ্যক্ষকে জানান, ডাবগ্রাম–ফুলবাড়ি এলাকায় ডাম্পিং গ্রাউন্ডের আবর্জনা নিয়ে অসুবিধের কথা। অনুপম বিশ্বাসের দাবি, কল্যাণীতে বন্ধ ৩০০ কলকারখানা ফের চালু হোক। আলিফা আহমেদ তাঁর বিধানসভা এলাকায় একটি ফেরিঘাট করার কথা বলেন। শুকরা মুন্ডা বলেন, মাল বিধানসভা এলাকায় গ্রামীণ হাসপাতালের অবস্থা শোচনীয়। পরিকাঠামোও ঠিক নেই। শিশির ঘোষ মঙ্গলকোট গ্রামীণ হাসপাতালের পরিস্থিতির কথা তুলে ধরেন। নওশাদ সিদ্দিকি ভাঙড়ের গনপরিবহণ ব্যবস্থার কথা উল্লেখ করেন। সুব্রত মাইতির দাবি, এবার পাঠ্যপুস্তকে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের কথা তুলে ধরা হোক। গোপাল চট্টোপাধ্যায় অধ্যক্ষকে জানান, পূর্বস্থলী উত্তর বিধানসভা এলাকায় সেতু সংস্কার করা দরকার। বঙ্কিম ঘোষ চাকদা বিধানসভা এলাকায় একটি মাস্টার প্ল্যান করার কথা জানান। শ্রীকৃষ্ণ ঘোষ কাটোয়া হাসপাতালকে সুপার স্পেশ্যালিটি করার প্রস্তাব দেন। অসীম বিশ্বাস অভিযোগ করেন, রানাঘাটে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে। কিন্তু মানুষ পরিষেবা পান না। চন্দনা বাউড়ি শালতোড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের দুরবস্থার কথা উল্লেখ করেন। বুধবায় টুডু দক্ষিণ দিনাজপুরে তপন বিধানসভা এলাকায় একটা সেতুর প্রয়োজনের কথা বলেন। তরুণজ্যোতি তেওয়ারির অভিযোগ, রাজারহাট–গোপালপুর এলাকায় কোনও সরকারি হাসপাতাল নেই, নীল–সাদা বিল্ডিং রয়েছে। কৌস্তভ বাগচী বলেন, ব্যারাকপুর পর্যন্ত মেট্রোরেলের সম্প্রসারণ হোক। শুক্লা চ্যাটার্জি বলেন, বিষ্ণুপুরে একটি ব্রিজ ভেঙে গেছে। কুণাল ঘোষের দাবি, সার্কুনাল ক্যানেল ভাল ভাবে সংস্কার করা হোক। সমীক্ষা হোক। সবমিলিয়ে বিভিন্ন এলাকার নেই–চিত্র তুলে ধরা হয় সংশ্লিষ্ট মন্ত্রীদের সামনে।

# এনকেডিএ-র সিইও পদে অতিরিক্ত দায়িত্বে বিধাননগরের পুর কমিশনার

**আজকালের প্রতিবেদন**

নিউ টাউন–কলকাতা উন্নয়ন পর্যদ বা এনকেডিএ–র চিফ এগ্‌জিকিউটিভ অফিসার (সিইও) হিসেবে অতিরিক্ত দায়িত্বভার নিলেন বিধাননগর পুর কমিশনার রবি আগরওয়াল। পুর কমিশনারের পাশাপাশি ২০১৭ ব্যাচের আইএএস অফিসার অতিরিক্ত ভাবে নিউ টাউন প্রশাসনের দায়িত্ব সামলাবেন। এর আগে এই পদে ছিলেন আইএএস মহম্মদ আবদুল শাহিদ। কিন্তু গত বিধানসভা নির্বাচনের আগেই তিনি বদলি হয়েছিলেন। সিইও পদ শূন্য ছিল। এতদিন সিইও পদের অতিরিক্ত দায়িত্ব সামলাচ্ছিলেন ‘অভিজ্ঞ’ এনকেডিএ–র সদস্য সেক্রেটারি প্রশান্ত কুমার বড়াই। এনকেডিএ ভবন সূত্রে খবর, খুব শিগগিরই প্রশান্তবাবুর চাকরির মেয়াদ শেষ হচ্ছে। তাই শহরে নিরবচ্ছিন্ন নাগরিক পরিষেবা বজায় রাখতে অতিরিক্ত দায়িত্ব দিয়ে এনকেডিএ–র সিইও পদে আনা হল বিধাননগরের পুর কমিশনার রবি আগরওয়াল–কে। বুধবার তিনি এনকেডিএ–র প্রশাসনিক ভবনের একাধিক দপ্তরের আধিকারিক, অফিসারদের সঙ্গে আলাপ পর্ব সারেন। অন্যদিকে, এখনও পর্যন্ত এনকেডিএ–র চেয়ারম্যান পদে রয়েছেন শোভন চ্যাটার্জি। তবে রাজ্যে সরকারের পালাবদলের পর তিনি এনকেডিএ ভবনে আসছেন না বলে খবর।

# প্রকল্পের জন্য জমি নিতে ক্ষতিপূরণ দিতে হবে: কোর্ট

**আজকালের প্রতিবেদন**

কেন্দ্র বা রাজ্য সরকার তাদের প্রকল্পের জন্য প্রয়োজনীয় জমি নিলে সেই জমিতে থাকা যে কোনও ব্যক্তিকে উচ্ছেদের আগে ক্ষতিপূরণ দিতে বাধ্য রাজ্য ও কেন্দ্র, এমনই মত কলকাতা হাইকোর্টের। ডানকুনি থেকে লুধিয়ানা ১৮৫৬ কিলোমিটার ফ্রেট করিডরের জন্য সিঙ্গুরে কয়েক বছর আগে জমি অধিগ্রহণ করে রেল। সেই সময় জমির মালিকদের জমির দাম ও অন্য আর্থিক প্রাপ্য–সহ রেলের শর্ত অনুযায়ী আরও পাঁচ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়া হয়। কিন্তু তারপরেও সেই জমি হস্তগত করতে না পেরে সম্প্রতি ফের উচ্ছেদের নোটিস দেয় রেল। নোটিসকে চ্যালেঞ্জ জানিয়ে হাইকোর্টে মামলা করেন অধিগৃহীত জমির বাড়িতে থাকা ভাড়াটিয়া আটটি পরিবার। তাঁদের অভিযোগ, রেল জমির মালিককে টাকা দিলেও তারা কোনও ক্ষতিপূরণ পাননি। যদিও আইনে সেটা বাধ্যতামূলক। বুধবার বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের এজলাসে ওই মামলাকারীদের আইনজীবী অরিন্দম দাস রেলের জমি অধিগ্রহণ আইনের নথি দেখিয়ে দাবি করেন, জমির মালিক ক্ষতিপূরণ পেলেও সেখানে বাস করা ভাড়াটিয়ারাও তার অধিকারী। রেলের আইনজীবীও মেনে নেন, প্রকল্পের জমিতে থাকা যে কোনও ব্যক্তি ওই এককালীন ক্ষতিপূরণের টাকা পাওয়ার অধিকারী। তারপরেই বিচারপতি রেলের দেওয়া উচ্ছেদ নোটিস ১৮ জুলাই পর্যন্ত স্থগিত রাখার নির্দেশ দেন। একইসঙ্গে ওই সময়ের মধ্যে রেলকে জানাতে হবে কেন ২০২৩ সালে ওই ক্ষতিপূরণ দেওয়া হয়নি। পাশাপাশি, রেলকে মামলাকারী ভাড়াটিয়াদের টাকা মেটানোর প্রক্রিয়া শুরু করার নির্দেশও দেয় হাইকোর্ট।

## আতঙ্কে আত্মঘাতী তৃণমূল নেতা

**৫০ লক্ষ টাকা চাওয়ায় মানসিক চাপ ও আতঙ্কে আত্মঘাতী হলেন বর্ধমান ১ নম্বর পঞ্চায়েত সমিতির প্রাক্তন কর্মাধ্যক্ষ তৃণমূল নেতা স্বরূপ রানা (৪৫)। তাঁর বাড়ি বর্ধমান ১ ব্লকের বাঘার ১ পঞ্চায়েতের জগাদাবাদ গ্রামে। বুধবার সকালে বর্ধমান মেডিক্যালে মারা গিয়েছেন তিনি। বর্ধমান উত্তর বিধানসভার বিজেপি’র মণ্ডল সভাপতি রাজকুমার সাউ জানিয়েছেন, তিনি ওই পরিবারের পাশে আছেন। পরিবারের অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্ত শুরু করেছে দেওয়ানদিঘি থানার পুলিশ।**


**যূকো বैंक UCO BANK**
**(A Govt. of India Undertaking)**

**জোনাল অফিস, শিলিগুড়ি**
হিল কার্ট রোড, শিলিগুড়ি–৭৩৪০০১

**ই–নিলাম নোটিস**

**স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য ই–নিলামের প্রকাশ্য বিজ্ঞপ্তি**
**ই–নিলামের তারিখ: ২৯.০৭.২০২৬**

**২৯.০৭.২০২৬ তারিখে দুপুর ১টা থেকে বিকেল ৫টার মধ্যে প্রতি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণে https://www.baanknet.com ওয়েব পোর্টালের মাধ্যমে ই–নিলাম আয়োজিত হবে।**
**ইএমডি এবং নথিপত্র জমার শেষ তারিখ ও সময়: ২৯.০৭.২০২৬, বিকেল ৪টে পর্যন্ত**

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) –এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর সম্পত্তি(সমূহ) বিক্রির ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, ইউকো ব্যাঙ্কে বন্ধক রাখা/ দায়বদ্ধ নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তিগুলি ইউকো ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক প্রতীকী/ বাস্তবিক দখল [নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির বর্ণনার পাশে প্রযোজ্যমতো দখলের প্রকৃতি উল্লেখ করা হয়েছে] নিয়েছেন এবং এই ব্যাঙ্কের বকেয়া পুনরুদ্ধারের জন্য উক্ত সম্পত্তিগুলি **‘যেখানে যেমন আছে’, ‘সেখানে যা কিছু আছে’** এবং **‘যেভাবে আছে’** ভিত্তিতে ২৯.০৭.২০২৬ তারিখে বিক্রি করা হবে।

**স্থাবর / অস্থাবর সম্পত্তিগুলির বিবরণ**

| ক্রম নং | শাখা এবং অ্যাকাউন্টের নাম | সম্পত্তির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম | ক) অনাদায়ী বকেয়া অর্থাঙ্ক<br>খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ<br>গ) দখলের তারিখ | সংরক্ষণ মূল্য<br>ইএমডি<br>বিড বাড়ানোর মূল্য | পরিদর্শনের তারিখ ও সময় | ই–নিলামের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| ১. | **শাখা:** শিবমন্দির (২৬৮৫)<br>**অ্যাকাউন্টের নাম:** শ্রী শৈবাল চন্দ<br>**ঋণগ্রহীতা(গণ) :**<br>১. শ্রীমতি কাকলি চন্দ<br>স্বামী প্রয়াত শৈবাল চন্দ<br>(প্রয়াত শ্রী শৈবাল চন্দের আইনি উত্তরাধিকারী)<br>২. শ্রীমতি কাকলি চন্দ<br>কুমারী শ্রেয়সী চন্দ-র (নাবালিকা) মাতা এবং স্বাভাবিক অভিভাবক<br>(প্রয়াত শ্রী শৈবাল চন্দের আইনি উত্তরাধিকারী)<br>**জামিনদার:**<br>শ্রীমতি কাকলি চন্দ<br>প্রয়াত শৈবাল চন্দের স্ত্রী<br>**অ্যাকাউন্ট নং:**<br>২৬৮৫০৬১০০০৫৩৪৭<br>২৬৮৫০৬১০০০৫৪৬০<br>**শাখা ম্যানেজার:** অভ্রজ্যোতি ঘোষ<br>**যোগাযোগের নম্বর:** ৮৯১৮২৬৫৫৮৮ | নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: আর এস প্লট নং ১০২০১, খতিয়ান নং ৪৮৮১, তৌজি নং ৩ (জ), জে এল নং ১১০(৮৮), মৌজা– শিলিগুড়ি, হোল্ডিং নং ১৩/৩৩৩/১৫৬, শিলিগুড়ি পৌরসংস্থার ১৫ নং ওয়ার্ড, পোঃঅঃ এবং থানা– শিলিগুড়ি, মহকুমা– শিলিগুড়ি, জেলা– দার্জিলিং, রাজ্য– পশ্চিমবঙ্গ, জমির পরিমাপ ০.০৬৭ একর (৪ কাঠা ১ ছটাক-এর সমতুল্য) এবং তার উপর অবস্থিত একটি দ্বিতল আবাসিক ভবন যার প্রতিটি তলার পরিমাপ আনুমানিক ১৪০৬ বর্গফুট, যা শিলিগুড়ির অতিরিক্ত জেলা সাব-রেজিস্ট্রার কার্যালয়ে ২৮.০৯.২০২১ তারিখের বিক্রয় দলিল নং I–২৬৬৬ দ্বারা নিবন্ধিত। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– ডা. ডি. এম. পাল চৌধুরীর জমি; **দক্ষিণ**– বিবেকানন্দ স্কুল; **পূর্ব**– ১৬ ফুট চওড়া পৌরসংস্থার রাস্তা; **পশ্চিম**– বিবেকানন্দ স্কুল। সম্পত্তির স্বত্বধারক: শ্রী শৈবাল চন্দ।<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** | ক) ₹৩০,৭২,৬২২.৩১ + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ এবং মাশুল<br>খ) ০৯.১২.২০২৫<br>গ) ০১.০৬.২০২৬ | ₹৭৫,০০,০০০.০০<br>₹৭,৫০,০০০.০০<br>₹১০,০০০.০০ | ২৯.০৬.২০২৬ সকাল ১১:০০ টা থেকে ২৮.০৭.২০২৬ বিকেল ০৪:০০ টা | ২৯.০৭.২০২৬ দুপুর ০১:০০ টা থেকে বিকেল ০৫:০০ টা পর্যন্ত প্রতিটি বিডের জন্য ১০ মিনিটের স্বত্ব সম্প্রসারণে |
| ২. | **শাখা:** বর্ধমান রোড (১৭০৬)<br>**ঋণগ্রহীতার নাম:** শ্রী মনোজ কুমার রজক<br>**সহ-ঋণগ্রহীতা:** শ্রীমতি বেবি রজক<br>**অ্যাকাউন্ট নং:** ১৭০৬০৬১০০২০৪৭০<br>**শাখা ম্যানেজার:** দেবদ্যুতি সরকার<br>**যোগাযোগের নম্বর:** ৮২৫০৬৯০৭৪৩ | নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: আর এস প্লট নং ৬০০, আর এস খতিয়ান নং ৪৬৭, জে এল নং ১১০(৮৮), তৌজি নং ৩(জ), পরগনা– বৈকুণ্ঠপুর, মৌজা– শিলিগুড়ি, শিলিগুড়ির অতিরিক্ত জেলা সাব-রেজিস্ট্রার কার্যালয়ের অধীনে, শিলিগুড়ি পৌরসংস্থার ২ নং ওয়ার্ডের এক্তিয়ারাধীন, থানা– শিলিগুড়ি, জেলা– দার্জিলিং, রাজ্য– পশ্চিমবঙ্গ, ৪ কাঠা জমির অবিভক্ত আনুপাতিক অংশের সাথে একতলায় অবস্থিত একটি আবাসিক ফ্ল্যাট যার সুপার বিল্ট-আপ এরিয়ার পরিমাপ ১০৩২ বর্গফুট, **যা ১৫.১২.২০২২ তারিখের ২০২২ সালের দলিল নং ০৪০২০৩৬৪৪। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– শিউ প্রসাদের জমি; **দক্ষিণ**– শিবানী রায়ের জমি এবং বাড়ি; **পূর্ব**– ১২ ফুট চওড়া পৌরসংস্থার রাস্তা এবং চন্দ্র প্রসাদের জমি ও বাড়ি; **পশ্চিম**– মণি সিংয়ের জমি। সম্পত্তির স্বত্বধারক: শ্রী মনোজ কুমার রজক।<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** | ক) ₹৩৭,২০,৪৫৭.৫৩ + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ এবং মাশুল<br>খ) ১৬.১০.২০২৫<br>গ) ০৮.০১.২০২৬ | ₹৩১,৯৫,০০০.০০<br>₹৩,২০,৩০০.০০<br>₹১০,০০০.০০ | ২৯.০৬.২০২৬ সকাল ১১:০০ টা থেকে ২৮.০৭.২০২৬ বিকেল ০৪:০০ টা | ২৯.০৭.২০২৬ দুপুর ০১:০০ টা থেকে বিকেল ০৫:০০ টা পর্যন্ত প্রতিটি বিডের জন্য ১০ মিনিটের স্বত্ব সম্প্রসারণে |
| ৩. | **শাখা:** সাগরদিঘি স্কোয়ার (৩৩৩৪)<br>**অ্যাকাউন্টের নাম:** মেসার্স সুষমা ডায়াগনস্টিক<br>**অংশীদার(গণ):**<br>১. শ্রী রাজীব রায় সিং<br>পিতা বিবেকানন্দ রায় সিং<br>২. শ্রীমতি শুচিতা ডাকুয়া<br>**জামিনদার(গণ):**<br>শ্রীমতী মিতালি বর্মন ডাকুয়া<br>কালিদাস ডাকুয়ার স্ত্রী<br>**অ্যাকাউন্ট নং:** ৩৩৩৪০৬১০০০৩৮৮৬<br>**শাখা ম্যানেজার:** মৈনাক সেনগুপ্ত<br>**যোগাযোগের নম্বর:** ৭০০১৭৬২১৬৭ | নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: এল আর প্লট নং ১২৯০, এল আর খতিয়ান নং ৪৯৭০ (পুরোনো এল আর খতিয়ান নং ২৮০০), জে এল নং ১৮৩, থাক নং ২৮৮, পোঃঅঃ এবং থানা– মাথাভাঙা, জেলা– কোচবিহার, মাথাভাঙার অতিরিক্ত জেলা সাব-রেজিস্ট্রার কার্যালয়ে ১১.০৬.২০১৮ তারিখে নিবন্ধিত বহি নং I, খণ্ড নং ০৮০৫-২০১৮, পৃষ্ঠা নং ৩৩৫২১ থেকে ৩৩৫৩২, ক্রমিক নং ০৮০৫০২২৭৭ অনুসারে জমির পরিমাপ ৩ ডেসিমাল (বাস্তু) এবং তার ওপর অবস্থিত ভবন। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা (দলিল অনুযায়ী): উত্তর**– রেবা বোস; **দক্ষিণ**– লক্ষ্মাপতি প্রামাণিক; **পূর্ব**– ২০ ফুট চওড়া পাকা রাস্তা; **পশ্চিম**– রজনী কাহালী। সম্পত্তির স্বত্বধারক: অমলাপাড়া, ৬ নং ওয়ার্ড, মাথাভাঙা, কোচবিহার, পশ্চিমবঙ্গ-এর বাসিন্দা কৈলাশ ডাকুয়ার স্ত্রী শ্রীমতি মিতালি বর্মন ডাকুয়া।<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** | ক) ₹২৭,২৩,০৬২.৩৯ + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ এবং মাশুল<br>খ) ০৭.১০.২০২৫<br>গ) ২৯.১২.২০২৫ | ₹৩২,২৫,০০০.০০<br>₹৩,২৩,০০০.০০<br>₹১০,০০০.০০ | ২৯.০৬.২০২৬ সকাল ১১:০০ টা থেকে ২৮.০৭.২০২৬ বিকেল ০৪:০০ টা | ২৯.০৭.২০২৬ দুপুর ০১:০০ টা থেকে বিকেল ০৫:০০ টা পর্যন্ত প্রতিটি বিডের জন্য ১০ মিনিটের স্বত্ব সম্প্রসারণে |
| ৪. | **শাখা:** ইলামবাজার (০৭০৪)<br>**অ্যাকাউন্টের নাম:** শ্রী রিজাউল করিম<br>**জামিনদার(গণ):** শ্রীমতি আলেয়া খাতুন<br>স্বামী রিজাউল করিম<br>**অ্যাকাউন্ট নং:**<br>০৭০৪০৫১০০১৬৭৫৬<br>০৭০৪০৬১০০২৬০১৪<br>**শাখা ম্যানেজার:** কৃশা রঞ্জন সিং<br>**যোগাযোগের নম্বর:** ৮৯৬৭৪৬১৭৯২ | ২৭.০২.২০১৩ তারিখের রেজিস্টার্ড দলিল নং I–১৪৯১ এবং ০২.০১.২০২৩ তারিখের রেজিস্টার্ড দলিল নং I–০৬ অনুযায়ী রিজাউল করিম–এর স্বত্বাধীনে আবাসিক জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: গ্রাম– নবগ্রাম, পোঃঅঃ ও থানা– ইলমবাজার, মৌজা– নওগা, আর এস এবং এল আর দাগ নং ১০৪১, খতিয়ান নং ১০৫, বর্তমান এল আর খতিয়ান নং ১৩২৯, জে এল নং ৯৬, সাব রেজিস্ট্রি অফিস– বোলপুর, মোট জমি ১০.০০ ডেসিমেল। **চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– রাস্তা; **পশ্চিম**– রাস্তা; **পূর্ব**– পরিসর, তার পরে মতিজুল শেখের বাড়ি; **দক্ষিণ**– পুকুর।<br>**(সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলের অধীন)** | ক) ₹৩৪,০২,২৭৫.৫৮ + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ এবং মাশুল<br>খ) ০৩.১১.২০২৫<br>গ) ২০.০২.২০২৬ | ₹৩২,৪৯,০০০.০০<br>₹৩,২৫,০০০.০০<br>₹১০,০০০.০০ | ২৯.০৬.২০২৬ সকাল ১১:০০ টা থেকে ২৮.০৭.২০২৬ বিকেল ০৪:০০ টা | ২৯.০৭.২০২৬ দুপুর ০১:০০ টা থেকে বিকেল ০৫:০০ টা পর্যন্ত প্রতিটি বিডের জন্য ১০ মিনিটের স্বত্ব সম্প্রসারণে |
| ৫. | **শাখা:** কানুপুর (২৬৮২)<br>**অ্যাকাউন্টের নাম:** সাকিউন্নেসা খাতুন<br>**জামিনদার(গণ):** শ্রী মনিরুজ্জামান আরাফাত<br>**অ্যাকাউন্ট নং:** ২৬৮২০৬১০০০০০০৭<br>**শাখা ম্যানেজার:** পবিত্র কুমার গিরি<br>**যোগাযোগের নম্বর:** ৯৭৭৬৪৪২০৬৭ | সামান্য কমবেশি ২৭.৯১৬ ডেসিমেল ফাঁকা জমির অপরিহার্য সমগ্র পরিমাণের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: মৌজা– খিদিরপুর, জে এল নং ০২, কানুপুর গ্রাম পঞ্চায়েত, গ্রাম– খিদিরপুর, পোঃঅঃ– কানুপুর, থানা– রঘুনাথগঞ্জ, জেলা– মুর্শিদাবাদ, পিন–৭৪২২২৩, এল আর প্লট নং ১১৪ ও ১১৫, এল আর খতিয়ান নং ১৬৯০, ২০০৬ সালের দলিল নং I–৬৭৭৩ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারিণী: সাকিউন্নেসা খাতুন, স্বামী– মনিরুজ্জামান আরাফত। **চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– গিয়াসউদ্দিন শেখের ফাঁকা জমি; **দক্ষিণ**– হামিদুল শেখের ফাঁকা জমি; **পূর্ব**– ১৫ ফুট চওড়া রাস্তা (কানুপুর থেকে রঘুনাথগঞ্জ যাওয়ার); **পশ্চিম**– এজাবুল শেখ ও অন্যদের ফাঁকা জমি।<br>**(সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলের অধীন)** | ক) ₹১১,১৪,৮২১.২৪ + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ এবং মাশুল<br>খ) ১১.১১.২০২৫<br>গ) ২৬.০২.২০২৬ | ₹৩৯,০০,০০০.০০<br>₹৩,৯০,০০০.০০<br>₹১০,০০০.০০ | ২৯.০৬.২০২৬ সকাল ১১:০০ টা থেকে ২৮.০৭.২০২৬ বিকেল ০৪:০০ টা | ২৯.০৭.২০২৬ দুপুর ০১:০০ টা থেকে বিকেল ০৫:০০ টা পর্যন্ত প্রতিটি বিডের জন্য ১০ মিনিটের স্বত্ব সম্প্রসারণে |
| ৬. | **শাখা:** শোভানগর (১১৪৬)<br>**ঋণগ্রহীতা(গণ):** শ্রীমতী নুরনেশা বিবি<br>**জামিনদার:** শ্রী দৌলত মোমিন<br>**অ্যাকাউন্ট নম্বর:** ১১৪৬০৫১০০০৩৫৭২<br>**শাখা ম্যানেজার:** অমিত কুমার<br>**যোগাযোগ নম্বর:** ৯১২২১২২৯০৪ | ১.৬৫ ডেসিমেল মাপের জমি ও বাড়ি নিয়ে গঠিত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্লট নং– আর এস ২৫, এল আর ৩৬, জে এল নং ৭, সাব রেজিস্ট্রার–মালদা সমীপে বই নং ১, সিডি ভলিউম নং ৮, পৃষ্ঠা নং ১৭৫৩ থেকে ১৭৬২–তে ০৮.০৩.২০১৩ / ২১.০৩.২০১৩ তারিখে নিবন্ধিত বিক্রয় দলিল নং ৩৪৪৯ অনুযায়ী, প্লট নং– আর এস ২৫, এল আর ৩৬, মৌজা– মিল্কি, গ্রাম– ভবানীপুর, পোঃঅঃ– ভবানীপুর, থানা– ইংলিশ বাজার, জেলা– মালদা, সম্পত্তির স্বত্বধারক: মিসেস নুরনেসা বিবি, স্বামী– দৌলত মোমিন, নিবাস: গ্রাম– ভবানীপুর, পোঃঅঃ– ভবানীপুর, থানা– ইংলিশ বাজার, জেলা– মালদা। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা : উত্তর**– দৌলত মোমিন; **দক্ষিণ**– রঘুনন্দন শেঠ; **পূর্ব**– রাজমহল রোড; **পশ্চিম**– আজিজুল মুন্সী।<br>**(সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলের অধীন)** | ক) ₹৭,৪১,৭২৮.০০ + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ এবং মাশুল<br>খ) ০২.০২.২০২৬<br>গ) ২৭.০৫.২০২৬ | ₹১৬,৮৭,০০০.০০<br>₹১,৬৯,০০০.০০<br>₹১০,০০০.০০ | ২৯.০৬.২০২৬ সকাল ১১:০০ টা থেকে ২৮.০৭.২০২৬ বিকেল ০৪:০০ টা | ২৯.০৭.২০২৬ দুপুর ০১:০০ টা থেকে বিকেল ০৫:০০ টা পর্যন্ত প্রতিটি বিডের জন্য ১০ মিনিটের স্বত্ব সম্প্রসারণে |
| ৭. | **শাখা:** পুরন্দরপুর (০৬৭৩)<br>**ঋণগ্রহীতা:** শ্রী রঞ্জন মণ্ডল<br>**জামিনদার:** শ্রীমতী সীমা মণ্ডল<br>**অ্যাকাউন্ট নম্বর:** ০৬৭৩০৫০০০৩০০৮৩<br>**শাখা ম্যানেজার:** শীর্ষেন্দু বাগ<br>**যোগাযোগ নম্বর:** ৯০০৭৩৭১১৭৮ | নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: দাগ নং ৫৪১ এবং ৫৪২, আর এস খতিয়ান নং ৩৯ এবং ৭০ এবং এল আর খতিয়ান নং ৩৪৬, জে এল নং ৭৯, মৌজা– খান্না, পোঃঅঃ– কাঁশপাই, থানা– সিউড়ি, জেলা– বীরভূম, রাজ্য– পশ্চিমবঙ্গ, পিন–৭৩১১০২, এ ডি এস আর সিউড়ি-র নিবন্ধিত কার্যালয়ের অধীনে, জমির পরিমাপ সামান্য কমবেশি ১২ শতক (ইটের কাঠামো সহ জমি), যা ১০.১২.২০০৮ তারিখের দলিল নং I–৯০৮৮/২০০৮ এর অন্তর্গত। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– সংলগ্ন জি পি রাস্তা; **দক্ষিণ**– ফাঁকা জমি; **পূর্ব**– তারক বাগদির সম্পত্তি; **পশ্চিম**– পুকুর। সম্পত্তির স্বত্বধারক: শ্রী রঞ্জন মণ্ডল, পিতা– বৈদ্যনাথ মণ্ডল।<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** | ক) ₹৭,৯১,৪০৭.৮৮ + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ এবং মাশুল<br>খ) ১৭.০৫.২০২৫<br>গ) ০৫.০৮.২০২৫ | ₹২৭,৯৬,০০০.০০<br>₹২,৮০,০০০.০০<br>₹১০,০০০.০০ | ২৯.০৬.২০২৬ সকাল ১১:০০ টা থেকে ২৮.০৭.২০২৬ বিকেল ০৪:০০ টা | ২৯.০৭.২০২৬ দুপুর ০১:০০ টা থেকে বিকেল ০৫:০০ টা পর্যন্ত প্রতিটি বিডের জন্য ১০ মিনিটের স্বত্ব সম্প্রসারণে |
| ৮. | **শাখা:** পুরন্দরপুর (০৬৭৩)<br>**অ্যাকাউন্টের নাম:** শ্রী শেখ নবি হোসেন<br>**অ্যাকাউন্ট নম্বর:**<br>০৬৭৩০৫১০০১০৯৯০<br>০৬৭৩০৬১০০১৭৬১৬<br>**শাখা ম্যানেজার :** শীর্ষেন্দু বাগ<br>**যোগাযোগ নম্বর:** ৯০০৭৩৭১১৭৮ | নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: প্লট নং ৭১৬, খতিয়ান নং ৫৩২, জে এল নং ১৭০, মৌজা– ভোলাইপুর, থানা– পানডুই, জেলা– বীরভূম, রাজ্য– পশ্চিমবঙ্গ, জমির পরিমাপ ১০ শতক (জমি এবং দালান), যা ৩০.০৪.২০১০ তারিখের দলিল নং ০৩২৩৭/২০১০ এর অন্তর্গত। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– শেখ কামরুলের সম্পত্তি; **দক্ষিণ**– মজুমেল হকের বাড়ি; **পূর্ব**– শ্রী বাকিরের বাড়ি; **পশ্চিম**– ১৪ ফুট চওড়া রাস্তা। সম্পত্তির স্বত্বধারক: শ্রী শেখ নবি হোসেন।<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** | ক) ₹২৭,৫৮,৮৪৩.৯৩ + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ এবং মাশুল<br>খ) ১০.০৩.২০২৩<br>গ) ১১.০৮.২০২৩ | ₹২৩,৫৮,০০০.০০<br>₹২,৩৬,০০০.০০<br>₹১০,০০০.০০ | ২৯.০৬.২০২৬ সকাল ১১:০০ টা থেকে ২৮.০৭.২০২৬ বিকেল ০৪:০০ টা | ২৯.০৭.২০২৬ দুপুর ০১:০০ টা থেকে বিকেল ০৫:০০ টা পর্যন্ত প্রতিটি বিডের জন্য ১০ মিনিটের স্বত্ব সম্প্রসারণে |
| ৯. | **শাখা:** পুরন্দরপুর (০৬৭৩)<br>**ঋণগ্রহীতা(গণ) :** শ্রী শেখ রাশিদুল<br>**জামিনদার(গণ):** শ্রীমতী মহিনা বিবি<br>**অ্যাকাউন্ট নম্বর:**<br>০৬৭৩০৫১০০০৭৪৭১<br>০৬৭৩০৬১০০১৮০৭১<br>**শাখা ম্যানেজার :** শীর্ষেন্দু বাগ<br>**যোগাযোগ নম্বর:** ৯০০৭৩৭১১৭৮ | নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: দাগ নং ২০৪, ২০৭ (দলিল, এল আর এবং আর ও আর অনুযায়ী), খতিয়ান নং এবং হাল খাতা নং ৬৩৪ (দলিল, এল আর এবং আর ও আর অনুযায়ী), জে এল নং ৫৭, মৌজা– ছোটকুষ্টিকুড়ি, পোঃঅঃ– ডমডমা, পুরন্দরপুর, এস আর ও– সিউড়ি, থানা– সিউড়ি, জেলা– বীরভূম, রাজ্য– পশ্চিমবঙ্গ, জমির পরিমাপ ৩ শতক (জমি এবং দালান), যা ০৩.০৯.২০২০ তারিখের দলিল নং ৪৭৩৪/২০২০ এর অন্তর্গত। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– রাস্তা; **দক্ষিণ**– শেখ এরফানের জমি; **পূর্ব**– শেখ ইনুলের জমি; **পশ্চিম**– শেখ ইস্কুর রহমানের জমি। সম্পত্তির স্বত্বধারক: শেখ রাশিদুল।<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** | ক) ₹৩০,৬৬,৮৭৯.৯৬ + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ এবং মাশুল<br>খ) ১৯.১১.২০২২<br>গ) ১৫.০৩.২০২৩ | ₹২০,৫০,০০০.০০<br>₹২,০৫,০০০.০০<br>₹১০,০০০.০০ | ২৯.০৬.২০২৬ সকাল ১১:০০ টা থেকে ২৮.০৭.২০২৬ বিকেল ০৪:০০ টা | ২৯.০৭.২০২৬ দুপুর ০১:০০ টা থেকে বিকেল ০৫:০০ টা পর্যন্ত প্রতিটি বিডের জন্য ১০ মিনিটের স্বত্ব সম্প্রসারণে |

**শর্ত ও নিয়মাবলি:**

১. এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলি সাপেক্ষ হবে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলি নিম্নলিখিত ওয়েবসাইট/ ওয়েব পোর্টালে দেওয়া আছে: **https://www.baanknet.com**।
২. সম্পত্তিগুলি **‘যেখানে যেমন আছে’, ‘যেভাবে আছে’ এবং ‘যা কিছু আছে’** ভিত্তিতে বিক্রি করা হচ্ছে। নিজেদের বিড জমা দেওয়ার আগে আগ্রহী বিডাররা অবশ্যই সম্পত্তির ওপর দায়, নিলাম হতে চলা সম্পত্তির স্বত্ব, সম্পত্তিকে প্রভাবিত করতে পারে এমন দাবি/ অধিকার/ বকেয়া, সম্পত্তির বাস্তবিক দখল নিতে (প্রতীকী দখলাধীন সম্পত্তিগুলির ক্ষেত্রে) প্রয়োজনীয় সময় ও খরচ ইত্যাদি সম্পর্কে নিজে স্বাধীনভাবে খতিয়ে জেনে নেবেন। সম্পত্তি কর, বিদ্যুতের খরচ ইত্যাদি সমেত যাবতীয় উদ্ভূত বিধিবদ্ধ বকেয়া সফল বিডারকেই বহন করতে হবে। কোনও প্রকার তৃতীয় পক্ষের দাবি/ অধিকার/ বকেয়া এবং সম্পত্তির বাস্তবিক দখল নিতে (প্রতীকী দখলাধীন সম্পত্তিগুলির ক্ষেত্রে) যে কোনও ধরনের বিলম্ব, মাশুল ও/বা আইনি সমস্যার জন্য অনুমোদিত আধিকারিক/ সুরক্ষিত ঋণদাতা কোনওভাবেই দায়ী থাকবেন না।
৩. ওপরের তফসিলে বর্ণিত সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বশেষ ও সেরা জ্ঞান ও তথ্যানুসারে দেওয়া হয়েছে। তবে, এই ঘোষণাপত্রে কোনও ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে বাধ্য থাকবেন না।
৪. সফল বিডারকে ইতিমধ্যে জমাকৃত ইএমডি অর্থাঙ্ক সমন্বয় করে বিড অর্থাঙ্কের ২৫% (পঁচিশ শতাংশ) নিলামের তারিখেই এবং বাকি অর্থাঙ্ক নিলামের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে আদায় দিতে হবে। ওপরে নির্ধারিত মেয়াদের মধ্যে এই অর্থাঙ্ক জমা দিতে ব্যর্থ হলে, সংশ্লিষ্ট বিডার দ্বারা জমাকৃত যাবতীয় অর্থাঙ্ক অনুমোদিত আধিকারিক বাজেয়াপ্ত করবেন এবং এই নিলাম বাতিল করে নতুন নিলাম আয়োজনের পূর্ণ স্বাধীনতা অনুমোদিত আধিকারিকের থাকবে।
৫. প্রযোজ্যমতো কনভেয়ান্স দলিলের জন্য প্রদেয় চার্জ/ ফি, পরিষেবা কর/ উৎসমূলে কাটা কর (₹৫০ লক্ষ বা তার বেশি মূল্যের সম্পত্তির ক্ষেত্রে ১৯৪ IA ধারা অনুসারে) সমেত যাবতীয় কর সফল বিডার/ ক্রেতাকেই বহন করতে হবে।
৬. কোনও কারণ না দেখিয়ে যে কোনও বা সকল বিড গ্রহণ বা গ্রহণযোগ্য মনে না হলে যে কোনও বা সকল বিড বাতিল করা, এমনকী নিলামের শর্তাবলিতে রদবদল করা বা কোনও মাশুল বা ক্ষতিপূরণ ছাড়াই যে কোনও পর্যায়ে এই নিলাম স্থগিত/ বাতিল/ মুলতুবি/ বন্ধ করার পূর্ণ অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে এবং এমন ক্ষেত্রে অনুমোদিত আধিকারিকের সিদ্ধান্তই চূড়ান্ত ও অবশ্য পালনীয় হবে।
৭. এই প্রকাশনাটি সংশ্লিষ্ট সকল ঋণগ্রহীতা ও জামিনদারের প্রতি একটি ১৫ দিনের নোটিস।
৮. ওপরে নির্ধারিত সংরক্ষণ মূল্যের কমে উপরিলিখিত সম্পত্তিগুলি বিক্রি করা হবে না।
৯. ইউআরএল: **https://www.baanknet.com** ওয়েবসাইটে দেওয়া ই–নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা এই বিক্রি **২৯.০৭.২০২৬ তারিখে আয়োজিত হবে এবং তা দুপুর ১টায় শুরু হবে।**
১০. প্রতিনিধি নিয়োগ এবং এই নিলামে নিজেদের জন্য বিড করা ও অংশ নেওয়ানোর অধিকার এই ব্যাঙ্কের থাকবে।

তারিখ: ২২.০৬.২০২৬
স্থান: শিলিগুড়ি

চিফ ম্যানেজার এবং অনুমোদিত আধিকারিক
ইউকো ব্যাঙ্ক (সুরক্ষিত ঋণদাতা)



**Piramal Finance**

**পিরামল ফাইন্যান্স লিমিটেড**
(পূর্বে পিরামল ক্যাপিটাল অ্যান্ড হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড নামে পরিচিত)
সিআইএন : L৬৫৯১০MH১৯৮৪PLC০৩২৬৩৯

**দখল বিজ্ঞপ্তি**
**(স্থাবর সম্পত্তির জন্য)**

**নিবন্ধিত কার্যালয়:** ইউনিট নং ৬০১, ৭ম তলা, পিরামল অমিতি বিল্ডিং, পিরামল অগস্ত্য কর্পোরেট পার্ক, কামানি জংশন, ফায়ার স্টেশনের বিপরীতে, এলবিএস মার্গ, কুরলা (পশ্চিম), মুম্বই-৪০০০৭০ - টি+৯১ ২২ ৩৮০২ ৪০০০।
**শাখা কার্যালয়:** ১১২এ, রাসবিহারী অ্যাভিনিউ, নারায়ণী বিল্ডিং, ৩য় তলা, কলকাতা-৭০০০২৯
**আঞ্চলিক কার্যালয়:** ১১২এ, রাসবিহারী অ্যাভিনিউ, নারায়ণী বিল্ডিং, ৩য় তলা, কলকাতা - ৭০০০২৯

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর নিয়ম ৮-(১) এবং পরিশিষ্ট-৪ অনুযায়ী স্থাবর সম্পত্তির জন্য**

যেহেতু, নিম্নস্বাক্ষরকারী **পিরামল ফাইন্যান্স লিমিটেডের (পূর্বে পিরামল ক্যাপিটাল অ্যান্ড হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড নামে পরিচিত) অনুমোদিত আধিকারিক** হিসেবে, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২-এর অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর নিয়ম ৩-এর সাথে পঠিত ধারা ১৩(১২) এর অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে, কোম্পানির অনুমোদিত আধিকারিক কর্তৃক নীচে উল্লেখিত ঋণগ্রহীতা(দের)/জামিনদার(দের) উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে উল্লেখিত পরিমাণ অর্থ পরিশোধ করার জন্য ডিমান্ড নোটিশ বা তলবি বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল। ঋণগ্রহীতা উক্ত পরিমাণ অর্থ পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, এতদ্দ্বারা ঋণগ্রহীতা(দের)/ জামিনদার(দের) এবং সাধারণ জনগণকে নোটিশ দেওয়া হচ্ছে যে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলস, ২০০২-এর নিয়ম ৮-এর সাথে পঠিত উক্ত আইনের ধারা ১৩-এর উপ-ধারা (৪)-এর অধীনে তাকে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে নীচে বর্ণিত সম্পত্তির **দখল** নিয়েছেন। সুরক্ষিত সম্পদগুলি মুক্ত করার জন্য উপলব্ধ সময়ের সাপেক্ষে, ঋণগ্রহীতার দৃষ্টি উক্ত আইনের ধারা ১৩-এর উপ-ধারা (৮)-এর বিধানগুলির প্রতি আকর্ষণ করা হচ্ছে। বিশেষ করে ঋণগ্রহীতা এবং সাধারণ জনগণকে এতদ্দ্বারা সম্পত্তি নিয়ে কোনো ধরনের লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং সম্পত্তির সাথে কোনো লেনদেন **পিরামল ফাইন্যান্স লিমিটেড**-এর (পূর্বে **পিরামল ক্যাপিটাল অ্যান্ড হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড** নামে পরিচিত) চার্জ বা অধিকারের অধীন হবে, যা এর উপর ধার্য সুদ সহ নীচে উল্লেখিত পরিমাণের সমতুল্য।

| ক্র. নং | ঋণগ্রহীতা(দের) / জামিনদার(দের) নাম | সুরক্ষিত সম্পদের বিবরণ | দাবি বিজ্ঞপ্তির তারিখ এবং পরিমাণ | দখলের তারিখ |
|---|---|---|---|---|
| ১. | লোন কোড নং HLSA০০০০৩৭F৯<br>শাখা-বর্ধমান<br>মাসুদ মোল্লা (ঋণগ্রহীতা)<br>আজিফা বেগম (সহ-ঋণগ্রহীতা) | **সম্পত্তির সমস্ত অংশ:** গ্রাম ও মৌজা- মেটেকোনা, থানা ইলামবাজার, বীরভূম, মেটেকোনার নিকট, ডাকঘর বীরভূম, পশ্চিমবঙ্গ, পিন কোড-৭৩১২১৪। | ১৬-০৯-২০২৪<br>₹ ৮,০৩,০০০.০০ এর জন্য<br>(আট লক্ষ তিন হাজার টাকা) | ১৯/০৬/২০২৬<br>(প্রতীকী) |
| ২. | লোন কোড নং BLSA০০০২১২BF<br>শাখা-বর্ধমান<br>মনিরুল হক মন্ডল (ঋণগ্রহীতা)<br>সফিউন্নেসা মন্ডল এবং কামরুল হক মন্ডল (সহ-ঋণগ্রহীতা) | **সম্পত্তির সমস্ত অংশ:** মালম্বা, নিত্যানন্দপুর, জে. এল. নং ১১৬, আর. এস. খতিয়ান ১৫৪, এল. আর. খতিয়ান নং ৮২৪, ৭২৪, এল. আর. দাগ ৬৬৬, মসজিদের নিকট, বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন-৭১৩৪২৬ | ১৮-১১-২০২৪<br>₹ ১২,৯৫,৭৬১.৯৪ এর জন্য<br>(বারো লক্ষ পঁচানব্বই হাজার সাতশো একষট্টি টাকা এবং চুরানব্বই পয়সা) | ২২/০৬/২০২৬<br>(প্রতীকী) |

তারিখ: ২৫.০৬.২০২৬
স্থান: পশ্চিমবঙ্গ

স্বা/- অনুমোদিত আধিকারিক
পিরামল ফাইন্যান্স লিমিটেড



**RS software**

**আর এস সফটওয়্যার (ইন্ডিয়া) লিমিটেড**
(CIN: L72200WB1987PLC043375)
কর্পোরেট কার্যালয়: 'এফ এম সি ফরচুনা' ২য় তল, এ-২, ২৩৪/৩এ, এ.জে.সি. বোস রোড, কলকাতা-৭০০০২০
ফোন নং: ০৩৩ ২২৮১০১০৬/২২৮৭৫৭৪৬; ফ্যাক্স নং: ০৩৩ ২২৮৭৬২৫৬, কোম্পানির ওয়েবসাইট: www.rssoftware.com

**বাস্তবিক শেয়ারের হস্তান্তরের অনুরোধ**
**পুনরায় জমা দেওয়ার জন্য বিশেষ জানালা**

৩০.০১.২০২৬ তারিখের সেবি সার্কুলার নং এইচও/৩৮/১৩/১১(২)২০২৬-এমআইআরএসডি-পিওডি/আই/৩৭৫০/২০২৬ অনুযায়ী, কোম্পানি বাস্তবিক শেয়ারহোল্ডারদের শেয়ার হস্তান্তরের পুনরায় অনুরোধ জমা দেওয়ার জন্য এককালীন বিশেষ জানালা দিতে পেরে আনন্দিত। বিশেষ জানালাটি ০৫.০২.২০২৬ থেকে ০৪.০২.২০২৭ পর্যন্ত এক বছরের জন্য খোলা রয়েছে, যা ০১.০৪.২০১৯-এর আগে বিক্রি বা ক্রয় করা বাস্তবিক শেয়ারগুলির হস্তান্তর এবং ডিম্যাটিরিয়ালাইজেশন ("ডিম্যাট") করার সুবিধার্থে এবং এটি এমন ক্ষেত্রেও প্রযোজ্য যেখানে মূল শেয়ার হস্তান্তরের অনুরোধগুলি ০১.০৪.২০১৯-এর আগে জমা দেওয়া হয়েছিল এবং নথিপত্র, প্রক্রিয়া বা অন্য কোনও ত্রুটির কারণে ফেরত/অমীমাংসিত বা প্রত্যাখ্যাত হয়েছিল।

যোগ্য শেয়ারহোল্ডারগণ তাদের হস্তান্তরের অনুরোধ প্রয়োজনীয় নথিপত্র সহ কোম্পানির রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট (আর টি এ)-এর কাছে জমা দিতে পারেন।

উপরোক্ত প্রক্রিয়া সম্পর্কিত কোনও প্রশ্ন বা সহায়তার জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন:

| যোগাযোগের ঠিকানা | |
|---|---|
| সচিবালয় বিভাগ:<br>আর এস সফটওয়্যার (ইন্ডিয়া) লিমিটেড<br>এফএমসি ফরচুনা, ২য় তল<br>এ-২, ২৩৪/৩এ, এ.জে.সি. বোস রোড, কলকাতা-৭০০০২০<br>ফোন: ০৩৩ ২২৮৭৫৭৪৬/২২৮১০১০৬<br>ই–মেল: vijendras@rssoftware.co.in/ anindyasen@rssoftware.co.in<br>ওয়েবসাইট: www.rssoftware.com | আর টি এ:<br>এম ইউ এফ জি ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড<br>২০ আর এন মুখার্জি রোড, রসুই কোর্ট ৬ষ্ঠ তল, কলকাতা-৭০০০০১<br>ই–মেল: investor.helpdesk@in.mpms.mufg.com<br>ওয়েবসাইট: www.in.mpms.mufg.com |

আর এস সফটওয়্যার (ইন্ডিয়া) লিমিটেড-এর পক্ষে
স্বা/-
বিজেন্দ্র কুমার সুরানা
সি এফ ও এবং কোম্পানি সেক্রেটারি এবং কমপ্লায়েন্স অফিসার
সদস্য নং ১১৫৫৯

স্থান: কলকাতা
তারিখ: ২৪.০৬.২০২৬